

ঢাকা খুলে দেখ রে ক্ষেপা
থাকবে না তোর সাবেক মন
ঢাকা শহর ঢাকা যতক্ষণ ॥

ঢাকার কথা শোন তোরে বলি
ঢাকার ভিতর আছে দেখো তিপান্ন গলি
সেই গলিতে চতুর মানুষ কেউ পড়ে না
পড়ে যতো অন্ধ জন ॥

ঢাকার ভিতর কুপ রয়েছে গোটা আটেক নয়
আটের কাছে যেমন তেমন, একের কাছে ভয়
আসল ধন তুই হারিয়ে এলি
ফেলিয়ে এলি পিতৃধন ॥

খাজা মনসুর ভেবে বলে
ঢাকেশ্বরী না পূজে কেন ঢাকাতে গেলে
সবার ভাগ্যে মণি কোঠা
আমার ভাগ্যে উলোর বন ॥